

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ বিভাগ

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৮০৯-আইন/২০১৯।—টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২(২০১২ সনের ৪৮ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল পরিচালনা বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২

(২০১২ সনের ৪৮ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ;

(গ) “চেয়ারম্যান” অর্থ আইনের ধারা ২ এর দফা (৪) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষের পরিচালনা পর্বদের চেয়ারম্যান;

(৫৪৭)

মূল্য : টাকা ৪০০

- (ঘ) “তহবিল” অর্থ আইনের ধারা ১৯ এ উল্লিখিত টেকসই ও নবায়নযোগ্য জুলানি উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল;
- (ঙ) “পরিচালনা পর্ষদ” অর্থ আইনের ধারা ৯ এর অধীন গঠিত কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদ; এবং
- (চ) “সচিব” অর্থ কর্তৃপক্ষের সচিব।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(৩) তহবিল পরিচালনা।—চেয়ারম্যান ও সচিবের যৌথ স্বাক্ষরে তহবিলের হিসাব পরিচালিত হইবে এবং তাহারা উক্ত হিসাব পরিচালনার জন্য যৌথভাবে পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকিবেন।

(৪) তহবিলের ব্যয়ের খাত।—কর্তৃপক্ষের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত যে কোনো উদ্দেশ্যে তহবিলের অর্থ ব্যয় করা যাইবে, যথা:—

- (ক) আইনের উদ্দেশ্য বাস্তবায়নকল্পে গৃহীত প্রকল্প ব্যয়;
- (খ) টেকসই ও নবায়নযোগ্য জুলানি ব্যবহারের সুফল সম্পর্কে জনসচেতনতা ও উন্নুনকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ সংক্রান্ত ব্যয়;
- (গ) কর্তৃপক্ষের অবৈতনিক সদস্যদের সম্মানী বাবদ ব্যয়;
- (ঘ) কর্মকর্তা ও কর্মচারিদের নিয়োগ, বেতন, ইত্যাদি সংক্রান্ত যাবতীয় ব্যয়;
- (ঙ) কর্তৃপক্ষের ঋণ পরিশোধের ব্যয়; এবং
- (চ) পরিচালনা পর্ষদ কর্তৃক, সময় সময়, প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অন্যান্য ব্যয়।

৫। তহবিল হইতে অর্থ মঞ্জুরি।—(১) সচিব বিধি ৪ এ উল্লিখিত খাতে ব্যয়ের জন্য তহবিল হইতে অর্থ মঞ্জুরির আদেশ জারি করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরিকৃত অর্থ একাউন্ট পেয়ি চেক (Account Payee Cheque) বা ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করিতে হইবে।

৬। আয় ও ব্যয়ের খাতওয়ারী বিন্যাস।—(১) কর্তৃপক্ষের সকল আয় ও ব্যয় পৃথকভাবে খাতওয়ারী বিন্যাস করিতে হইবে।

(২) সকল ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

৭। তহবিলের অর্থ ব্যয় ও হিসাব সংরক্ষণ পদ্ধতি।—(১) মণ্ডুরিকৃত অর্থ বিধি ৪ এ উল্লিখিত খাতে ব্যয় করিতে হইবে এবং যথাযথ পদ্ধতি অনুসারে উক্ত ব্যয়ের হিসাব সংরক্ষণ করিতে হইবে।

(২) পরিচালক (প্রশাসন) কর্তৃপক্ষের সকল ব্যয়ের হিসাব এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করিবেন।

(৩) তহবিলের অর্থের জমা ও খরচের হিসাব প্রচলিত ফরমে সংরক্ষণ করিতে হইবে।

(৪) সরকারি বাজেট বরাদ্দ বাবদ প্রাপ্ত অর্থের অব্যয়িত অংশ অর্থ-বৎসরের শেষে সরকারের কোষাগারে ফেরত প্রদান করিতে হইবে।

৮। পরিচালক (প্রশাসন) প্রতি অর্থ-বৎসর শেষে ক্যাশবুক ও ব্যাংক অ্যাকাউন্টের মধ্যে তহবিলের অর্থের হিসাবের সমন্বয় সাধন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাকসুদা খন্দকার

সিনিয়র সহকারী সচিব

বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

---

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)